রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"


# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, জুলাই ৬, ২০২২**


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়**
**বন অধিশাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৭ জুন ২০২২

নং **২২.০০.০০০০.০৬৬.৩১.০০১.১৫.১৯৫**—বন অধিদপ্তরের আওতাধীন কক্সবাজার জেলার নিম্ন তফশিলভুক্ত বনভূমি যা গেজেট বিজ্ঞপ্তি নম্বর-5152F, তারিখ: 15-05-1907 খ্রিঃ মূলে সংরক্ষিত বন হিসাবে ঘোষিত। উক্ত সংরক্ষিত বনের নিম্ন তফশিলভুক্ত জমি যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীনস্থ বাংলাদেশ ফুটবল ফেডারেশন (বাফুফে) এর 'টেকনিক্যাল সেন্টার' নির্মাণের লক্ষ্যে নিম্ন বর্ণিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে ডি-রিজার্ভ ঘোষণাপূর্বক যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অনুকূলে বরাদ্দ প্রদান করা হলো। বন আইন, ১৯২৭ (১৯২৭ সালের ১৬নং আইন) এর ২৭ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ প্রজ্ঞাপন জারির তারিখ হতে নিম্ন তফশিলভুক্ত বনের ভূমি আর সংরক্ষিত বন (Reserved Forest) হিসাবে গণ্য হবে না মর্মে ঘোষণা করা হলো :

**জমির তফশিল নিম্নরূপ :**

| বি.এস রেকর্ডমতে ভূমির মালিক | মৌজার নাম | বি.এস রেকর্ড মতে জমির তথ্য | | | | তদন্ত মতে শ্রেণি | |
|---|---|---|---|---|---|---|---|
| | | বি.এস. খতিয়ান নং | বি.এস. দাগ নং | শ্রেণি | জমির পরিমাণ (একরে) | শ্রেণি | জমির পরিমাণ (একরে) |
| বাংলাদেশ সরকারের পক্ষে বন বিভাগ | জঙ্গাল খুনিয়াপালং | ০২ | ৪২ | পাহাড় | ৮৮.৬৪ | জঙ্গাল | ১৭.০০ |
| | | | ৪৩ | | ৪৬১০.৮০ | | ২.৫০ |
| | | | ৩১ | ছড়া | ১১.২০ | ছড়া | ০.৫০ |
| | | | | | | মোট= | ২০.০০ |


**মূল্য :** টাকা ৪.০০

**শর্তাবলী**

(১) বরাদ্দকৃত বনভূমিতে বিদ্যমান গাছপালার মূল্য বাবদ বন বিভাগ কর্তৃক বিধি মোতাবেক নির্ধারিত অর্থ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীনস্থ বাফুফে কর্তৃক বন অধিদপ্তরের অনুকূলে পরিশোধ করতে হবে;

(২) 'টেকনিক্যাল সেন্টার' বহির্ভূত বনের অন্য অংশের প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ক্ষতি হয় এমন কোনো প্রকার কার্যক্রম গ্রহণ করা যাবে না;

(৩) শুধুমাত্র স্থাপনাসমূহ নির্মাণস্থলের গাছপালা অপসারণ করা যাবে, বাকী জায়গার প্রাকৃতিক পরিবেশ ঠিক রেখে এ টেকনিক্যাল সেন্টার নির্মাণ করতে হবে;

(৪) পরিবেশ, প্রতিবেশ, জীববৈচিত্র্য এবং বাস্তুতন্ত্রের ক্ষতি হয় এমন কোনো কার্যক্রম পরিচালনা করা যাবে না;

(৫) বন অধিদপ্তর বরাদ্দকৃত বনভূমি সরেজমিনে বাফুফে-কে বুঝিয়ে দিবে।

০২। এই প্রজ্ঞাপনটি জনস্বার্থে জারি করা হলো এবং এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. ফারহিনা আহমেদ**
সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd